# পিলখানা হত্যাকাণ্ডে নতুন কোনো তদন্ত কমিশন হবে না: স্বরাষ্ট্রমন্ত্রী




স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বিডিআর হত্যাকাণ্ড ঘিরে নতুন করে কোনো তদন্ত কমিশন গঠন করা হবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) সকালে শহীদ সেনাসদস্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান।

মন্ত্রী বলেন, অন্তর্বর্তীকালীন সরকার ইতোমধ্যে একটি স্বাধীন জাতীয় তদন্ত কমিশন গঠন করেছিল। সেই কমিশন প্রায় ৭০টি সুপারিশ দিয়েছে। এখন সেগুলো বাস্তবায়নের দিকেই গুরুত্ব দেওয়া হবে।

তিনি আরও বলেন, এই ঘটনার ন্যায়বিচার নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। ভবিষ্যতে যেন এমন মর্মান্তিক ঘটনা দেশের ইতিহাসে আর না ঘটে, সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

স্বরাষ্ট্রমন্ত্রীর ভাষ্য অনুযায়ী, এ হত্যাকাণ্ড দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য হুমকি ছিল। এর মাধ্যমে সশস্ত্র বাহিনীকে দুর্বল করার চেষ্টা করা হয়েছিল বলেও তিনি মন্তব্য করেন। তাঁর দাবি, যারা দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বে আস্থা রাখে না, তারাই এমন অপচেষ্টা চালাতে পারে।